

সিবগাহ

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে "সিবগাহ" । 'ছোয়াদ', 'বা', 'গাঈন' দ্বারা গঠিত ৩টি শব্দ ২টি ফরমে পবিত্র কোরআন মজীদে ৩বার এসেছে। সিবগাহ অর্থ রং, তেল ইত্যাদি।

পবিত্র কোরআন মজীদে আল্লাহ তা'য়লা ইরশাদ করেনঃ

১। আমরা গ্রহণ করিলাম আল্লাহর রং, রঙে আল্লাহ অপেক্ষা কে সুন্দর? এবং আমরা তাঁহারই এবাদতকারী।

সূরা ২ আল বাকারা, আয়াতঃ ১৩৮

صِبْغَةَ اللَّهِ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ صِبْغَةً وَنَحْنُ لَهُ عِبْدُونَ ﴿١٣٨﴾

আমরা গ্রহণ করিলাম আল্লাহর রং, রঙে আল্লাহ অপেক্ষা কে অধিকতর সুন্দর ? এবং আমরা তাঁহারই 'ইবাদতকারী' ।

খ্রিষ্টানরা শিশু ভূমিষ্ঠ হওয়ার পর Baptize করে পানি দ্বারা একটা অনুষ্ঠানের মাধ্যমে। শিশুর শরীরে পানি ঢেলে দিয়ে অথবা ছিটিয়ে দিয়ে অথবা ডুবিয়ে এ অনুষ্ঠানটি করা হয়। এর মাধ্যমে শিশুটি খ্রিষ্টান ধর্মভূক্ত হল বলে তারা বিশ্বাস করে।

কোরআন বলছে আল্লাহর রঙে রঞ্জিত হও। যা কোন পানির দ্বারা হওয়া যায় না। বরং আল্লাহর বন্দেগীর পথ অবলম্বন করে এ রঙে রঞ্জিত হওয়া যায়।

এই আয়াতটির কয়েকটি English Translation নীচে দেওয়া হল

Khalifa:

Such is God's system and whose system is better than God's ? Him alone we worship.

Pickthall:

(We take our colour) from Allah, and who is better than Allah at colouring.
We are his worshipper.

Shakir:

(Receive) the baptism of Allah and who is better than Allah in baptizing?
And Him do we serve.

Sherali: Say, we have adopted the religion of Allah; and who is better than Allah in teaching religion; and Him alone do we worship.

Yousufali:

(Our religion is) the baptism of God:

And who can baptize better than God? And it is He whom we worship.

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, খালেসভাবে আল্লাহর আনুগত্য ও ইবাদতবন্দেগী করার মাধ্যমে আমরা আল্লাহর রঙে রঞ্জিত হই।

আসুন কোরআন ও সही হাদীসের নির্দেশনার আলোকে আমাদের জীবনকে পরিচালিত করি। আশা করা যায় আল্লাহ আমাদের ক্ষমা করবেন এবং আমাদের তওবা কবুল করে দুনিয়া ও আখেরাতের কল্যাণ দান করবেন। আমীন।

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াব্বারাকাতুহু।

